# দুর্নীতিতে অভিযুক্ত আব্দুর রশীদ মিয়া হলেন এলজিইডির প্রধান প্রকৌশলী



এলজিইডির প্রধান প্রকৌশলী হলেন আব্দুর রশীদ মিয়া। ছবি: সংগৃহীত

দুর্নীতি ও অনিয়ম সংক্রান্ত নানা অভিযোগে আগে থেকেই আলোচনায় ছিলেন মো. আব্দুর রশীদ মিয়া। বিভিন্ন সময় দেশের একাধিক গণমাধ্যমে তার দায়িত্ব পালনের সময় বড় দূর্নীতি ও অভিযোগ নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। পূর্ববর্তী সরকারগুলোর সময়েও তিনি গুরুত্বপূর্ণ পদে বহাল ছিলেন এবং প্রশাসনিক প্রভাব বজায় রেখেছিলেন।

এবার এক বছরের চুক্তিভিত্তিক নিয়োগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)-এর প্রধান প্রকৌশলী পদে দায়িত্ব পেয়েছেন তিনি। মঙ্গলবার (২৪ মার্চ) এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

প্রজ্ঞাপনে বলা হয়, সরকারি চাকরি আইন ২০১৮–এর ধারা ৪৯ অনুযায়ী অবসর-উত্তর ছুটি ও সংশ্লিষ্ট সুবিধা স্থগিত রাখা এবং অন্য কোনো পেশা বা প্রতিষ্ঠানের সঙ্গে কর্ম-সম্পর্ক ত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে এক বছরের জন্য তাকে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্রে নির্ধারিত হবে।

এর আগে চলতি দায়িত্বে প্রধান প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন শেষে অবসরে যান তিনি। গত বছরের ৪ ফেব্রুয়ারি মানবসম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ ইউনিটের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গ্রেড–৩) পদে থাকা অবস্থায় তাকে একই দপ্তরের প্রধান প্রকৌশলীর দায়িত্ব দেওয়া হয়েছিল।

LENS ASIA